# SATISH CHANDRA MEMORIAL SCHOOL
## TEST ON CASE STUDY
**Subject: Bengali Class- VIII. FM- 14**

**নিচের অনুচ্ছেদদুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। (1×7)×2**

পুরনো জমিদারবাড়িটি দিনের আলোতেও অস্বস্তিকর লাগত। সন্ধে নামলেই তার জানালাগুলো যেন অদৃশ্য চোখে তাকিয়ে থাকত। গ্রামবাসীরা বলত, বাড়ির ভিতরে নাকি এখনো রাত হলেই পায়ের শব্দ শোনা যায়। অরুণ এসব কুসংস্কারে বিশ্বাস করত না। ইতিহাসের ছাত্র হিসেবে তার আগ্রহ ছিল যুক্তি আর প্রমাণে।

এক সন্ধ্যায় সে সিদ্ধান্ত নিল, নিজেই তদন্ত করবে। সঙ্গে নিল টর্চ আর একটি পুরনো নকশা —যাতে বাড়ির গোপন পথগুলোর ইঙ্গিত ছিল। ভিতরে ঢুকতেই সে লক্ষ করল , ধুলোর আস্তরণ অস্বাভাবিকভাবে কিছু জায়গায় কম। যেন কেউ নিয়মিত সেখানে চলাফেরা করে।

হঠাৎ উপরতলা থেকে একটা মৃদু শব্দ ভেসে এল। অরুণ থমকে দাঁড়াল। শব্দটা ভূতের নয়, মানুষেরই—এই বিশ্বাস তার আরও দৃঢ় হল। সিঁড়ি বেয়ে উঠতেই সে দেখতে পেল একটি আলমারি আধখোলা। তার পিছনে ছিল সরু একটি গোপন দরজা। দরজার পাশে পড়ে ছিল আধুনিক মোবাইল ফোন।

তখনই অরুণ বুঝে গেল , রহস্যের উৎস অতিপ্রাকৃত নয়। কেউ ইচ্ছাকৃতভাবে ভয়ের পরিবেশ তৈরি করছে। কিন্তু কেন ? জমিদারবাড়ির আসল গোপন কথা হয়তো এই দরজার ওপারেই লুকিয়ে আছে —এই ভাবনায় তার কৌতূহল আরও বেড়ে গেল।

1. অরুণ টর্চ ও পুরনো নকশা সঙ্গে নিয়েছিল কারণ—
(a) সে অভিযানে অভ্যস্ত ছিল (b) অন্ধকারে আলো দরকার ছিল
(c) গোপন পথ খুঁজে বের করার সম্ভাবনা ছিল (d) বন্ধুদের দেখানোর জন্য

2. ধুলোর আস্তরণ কম থাকার অর্থ—
(a) বাড়িটি নতুন (b) পরিষ্কার করা হয়েছে
(c) সেখানে নিয়মিত চলাচল রয়েছে (d) ঝড়ে ধুলো উড়ে গেছে

3. মোবাইল ফোনটি গল্পে কী ভূমিকা পালন করে?
(a) ভয় বাড়ায় (b) অতিপ্রাকৃত বিশ্বাস জোরদার করে
(c) বাস্তবতার ইঙ্গিত দেয় (d) পরিবেশ বর্ণনা করে

4. গল্পে পরিবেশ বর্ণনার মূল উদ্দেশ্য কী?
(a) শুধু ভয় দেখানো (b) সময় নষ্ট করা
(c) রহস্যের আবহ তৈরি করা (d) চরিত্র পরিচয় দেওয়া

5. গ্রামবাসীদের মানসিকতার সঙ্গে অরুণের মানসিকতার মূল পার্থক্য কোনটি?
(a) শিক্ষা (b) বয়স
(c) যুক্তিবোধ বনাম অন্ধ বিশ্বাস (d) সাহস

6. মন্তব্য: অরুণ জমিদারবাড়ির রহস্যকে অতিপ্রাকৃত বলে মানতে চায়নি।
কারণ: সে যুক্তি ও প্রমাণের মাধ্যমে সত্য উদ্ঘাটনে বিশ্বাসী ছিল।
(a) মন্তব্য ও কারণ উভয়ই সত্য এবং কারণ, মন্তব্যের সঠিক ব্যাখ্যা
(b) মন্তব্য ও কারণ উভয়ই সত্য কিন্তু কারণ , মন্তব্যের সঠিক ব্যাখ্যা নয়
(c) মন্তব্য সত্য, কারণ মিথ্যা (d) মন্তব্য মিথ্যা, কারণ সত্য

7. এই গল্পাংশ থেকে বাস্তব জীবনের জন্য কোন শিক্ষা সবচেয়ে উপযুক্ত?
(a) পুরনো জায়গায় না যাওয়াই ভালো (b) ভয়ই সব সমস্যার সমাধান
(c) প্রশ্ন ও অনুসন্ধান সত্যের পথ দেখা (d) সব রহস্য ভয়ংকর

**B.** স্বামী বিবেকানন্দ ছিলেন ভারতের এক মহান দার্শনিক , চিন্তাবিদ ও সমাজসংস্কারক। তাঁর প্রকৃত নাম নরেন্দ্রনাথ দত্ত। ১৮৬৩ সালের ১২ জানুয়ারি কলকাতায় তাঁর জন্ম হয়। শৈশব থেকেই তিনি ছিলেন যুক্তিবাদী, সাহসী ও চিন্তাশীল। আধ্যাত্মিক অনুসন্ধান তাঁকে রামকৃষ্ণ পরমহংসদেবের সান্নিধ্যে নিয়ে যায় , যাঁকে তিনি নিজের গুরু হিসেবে গ্রহণ করেন। গুরুদেবের শিক্ষাই তাঁর জীবনদর্শনের মূল ভিত্তি হয়ে ওঠে।

স্বামী বিবেকানন্দ বিশ্বাস করতেন —মানুষের মধ্যেই ঈশ্বরের বাস। তাই মানবসেবাকেই তিনি ঈশ্বরসেবা হিসেবে গণ্য করতেন। ১৮৯৩ সালে শিকাগো ধর্মসভায় তাঁর ঐতিহাসিক বক্তৃতা ভারতের ভাবমূর্তিকে বিশ্বদরবারে গৌরবান্বিত করে। "Sisters and Brothers of America" বলে তাঁর সম্বোধন বিশ্ববাসীর হৃদয় জয় করেছিল। তিনি ভারতীয় বেদান্ত দর্শনকে আধুনিক ও যুক্তিসম্মত রূপে বিশ্বের সামনে তুলে ধরেন। তিনি যুবসমাজকে আত্মবিশ্বাসী , কর্মঠ ও চরিত্রবান হওয়ার আহ্বান জানান। তাঁর মতে , দুর্বলতা সব পাপের মূল। শিক্ষা সম্পর্কে তাঁর ধারণা ছিল বাস্তবমুখী —যে শিক্ষা মানুষকে আত্মনির্ভরশীল ও মানবিক করে তোলে, সেটিই প্রকৃত শিক্ষা। তাঁর প্রতিষ্ঠিত রামকৃষ্ণ মিশন আজও শিক্ষা, সেবা ও সংস্কারের কাজে নিয়োজিত। স্বামী বিবেকানন্দের চিন্তা ও আদর্শ আজও ভারতীয় সমাজকে আলোকিত করে চলেছে।

1. অনুচ্ছেদ অনুযায়ী, স্বামী বিবেকানন্দের জীবনদর্শনের মূল ভিত্তি কী ছিল?
a) পাশ্চাত্য শিক্ষা b) রাজনীতি
c) রামকৃষ্ণ পরমহংসদেবের শিক্ষা d) বৈজ্ঞানিক চিন্তা

2. "দুর্বলতা সব পাপের মূল"—এই বক্তব্য থেকে কী বোঝা যায়?
a) শারীরিক শক্তির গুরুত্ব b) আত্মবিশ্বাসের প্রয়োজন
c) ধনসম্পদের মূল্য d) ক্ষমতার লোভ

3. শিকাগো বক্তৃতায় কোন গুণটি সবচেয়ে প্রকাশ পেয়েছিল?
a) অহংকার b) বিনয় ও মানবতা
c) রাগ d) নির্লিপ্ততা

4. মন্তব্য: শিকাগো ধর্মসভায় স্বামী বিবেকানন্দ ভারতের ভাবমূর্তি উজ্জ্বল করেন।
কারণ: তিনি সেখানে ভারতীয় বেদান্ত দর্শনের কথা বলেন।
a) মন্তব্য ও কারণ উভয়ই সত্য এবং মন্তব্য কারণ -এর সঠিক ব্যাখ্যা
b) মন্তব্য সত্য, কারণ মিথ্যা
c) মন্তব্য মিথ্যা, কারণ সত্য d) মন্তব্য ও কারণ উভয়ই মিথ্যা

5. স্বামী বিবেকানন্দের মতে প্রকৃত শিক্ষা কী করে?
a) মানুষকে ধনী করে b) মানুষকে আত্মনির্ভরশীল ও মানবিক করে
c) মানুষকে খ্যাতি দেয় d) মানুষকে ভোগবাদী করে

6. Assertion (A): স্বামী বিবেকানন্দ মানবসেবাকে ঈশ্বরসেবা বলে মনে করতেন।
Reason (R): তিনি বিশ্বাস করতেন ঈশ্বর কেবল মন্দিরেই আছেন।
a) A ও R উভয়ই সত্য এবং R, A-এর সঠিক ব্যাখ্যা
b) A সত্য, R মিথ্যা
c) A মিথ্যা, R সত্য d) A ও R উভয়ই মিথ্যা

7. অনুচ্ছেদের মূল বক্তব্য কোনটি?
a) স্বামী বিবেকানন্দ ছিলেন একজন রাজনীতিবিদ
b) তাঁর আদর্শ আজ অপ্রাসঙ্গিক
c) তাঁর চিন্তা ও আদর্শ সমাজকে পথ দেখায়
d) তিনি কেবল ধর্মীয় নেতা ছিলেন